

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ: ০৫ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ/ ১৮ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং Excelerate Energy Bangladesh Limited (EEBL)
এর মধ্যে স্বাক্ষরিত Implementation Agreement (IA) অনুযায়ী চলমান ভাসমান
এলএনজি টার্মিনাল (FSRU) স্থাপন প্রকল্পের অনুকূলে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

নং ০৫/মূসক/২০১৭—যেহেতু, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং Excelerate Energy
Bangladesh Limited (EEBL) এর মধ্যে স্বাক্ষরিত Implementation Agreement (IA) অনুযায়ী
“বিদ্যুৎ জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০” এর আওতায় Build, Own,
Operate and Transfer (BOOT) পদ্ধতিতে কর্মবাজারের মহেশখালীতে দৈনিক ৫০০
এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন চলমান ভাসমান এলএনজি টার্মিনাল অর্থাৎ Floating Storage
Regasification Unit (FSRU) স্থাপন প্রকল্পের জন্য VAT, Advance Trade VAT (ATV) ও SD
অব্যাহতি প্রদানের বাধ্যবাধকতা রাখিয়াছে; এবং

যেহেতু, সরকার ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ এর মধ্যে FSRU স্থাপন সংক্রান্ত সকল কার্যক্রম সমাপ্ত
করা এবং ২০১৮ এর শুরুতেই এলএনজি গ্যাস সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করিয়াছে এবং সেই
কারণে এই সংক্রান্ত আদেশ জরুরী ভিত্তিতে জারি না হইলে অথবা বিলম্ব হইলে চলমান প্রকল্পটি
যথাসময়ে বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হইবে মর্মে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক
আশংকা প্রকাশ করা হইয়াছে;

(৩৯৯৩)

মূল্য : টাকা ৮.০০

সেহেতু, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর
উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড :

- (ক) Excelerate Energy Bangladesh Limited কর্তৃক FSRU স্থাপন ও তাহা কার্যকর
করিবার লক্ষ্যে স্থানীয়ভাবে সংগৃহীত সকল ধরনের পণ্য ও সেবার বিপরীতে (ব্যক্তিগত
ভোগ বা ব্যবহার উদ্দেশ্যে সংগৃহীত পণ্য/সেবা ব্যতীত) প্রযোজ্য ভ্যাট ও সম্পূরক শুল্ক
(যদি থাকে);
- (খ) FSRU কর্তৃক প্রদত্ত সকল সেবার উপর প্রযোজ্য ভ্যাট ও সম্পূরক শুল্ক (যদি থাকে); এবং
- (গ) FSRU কার্যকর করিবার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক অনুবিভাগের বিশেষ আদেশ
নং ২৩/২০১৭/কাস্টমস/১৮৪, তারিখঃ ২১-০৩-২০১৭ খ্রি এর মাধ্যমে যেই সকল পণ্য
আমদানির উপর শুল্ক ও ভ্যাট অব্যাহতি প্রদান করা হইয়াছে সেই সকল পণ্যের উপর
ব্যবসায়ী পর্যায়ের অগ্রিম মূসক (ATV) প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিরুর রহমান
চেয়ারম্যান।